# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

## সরকারি ব্যবস্থাপনায় বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতের স্বাস্থ্যখাতে পুরুষ/মহিলা কর্মী নিয়োগ

**বোয়েসেল-এর কোন এজেন্ট/সাব-এজেন্ট নেই, আগ্রহী প্রার্থীগণ সরাসরি আবেদন করতে পারবেন এবং বোয়েসেল কর্মী নির্বাচনে নিজে সিদ্ধান্ত নেয়**

স্মারক নং: ৪৯.০২.০০০০.০০০.০০০.৪৯.০০০১.২৫/১৯১০

তারিখ: ১৭.০৮.২০২৫ খ্রি.

| ক্র | পদের নাম | পুরুষ | মহিলা | মাসিক বেতন | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | **BSC (Nurse)** | ২০ | ৩০ | ৩২০ কুয়েতি দিনার | আগ্রহী প্রার্থীদের বিএসসি/ডিপ্লোমা সনদ ইস্যুর তারিখ হতে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৩ (তিন) বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে |
| ২. | **Diploma (Nurse)** | ১০ | ৪০ | ২৮০ কুয়েতি দিনার | |
| ১ কুয়েতি দিনার= ৩৯৭ টাকা (আনুমানিক) | | | | | |

**চাকরির শর্তাবলি:**

(১) প্রার্থীদের অবশ্যই ইংরেজি ভাষায় পারদর্শী হতে হবে;
(২) সংশ্লিষ্ট কাজের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;
(৩) প্রার্থীর বয়স ৩৯ বছরের মধ্যে হতে হবে;
(৪) চাকরির চুক্তি ০৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য);
(৫) শিক্ষানবিশকাল ০৩ (তিন) মাস;
(৬) বাৎসরিক ইনক্রিমেন্ট প্রথম বছর শেষে ১৫ কুয়েতি দিনার ও দ্বিতীয় বছর শেষে ১৫ কুয়েতি দিনার;
(৭) প্রয়োজনীয় আসবাবপত্রসহ থাকা এবং কর্মস্থলে যাতায়াতের পরিবহনের ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি বহন করবে;
(৮) প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি গ্রহণ করবে;
(৯) কোম্পানির আয়োজনে খাবারের ব্যবস্থা থাকবে অথবা খাবার বাবদ প্রতিমাসে ২৫ কুয়েতি দিনার প্রদান করা হবে;
(১০) চাকরিতে যোগদানের বিমান ভাড়া কর্মীর নিজ এবং চুক্তির মেয়াদ শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে;
(১১) অন্যান্য শর্তাবলি কুয়েতের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**অন্যান্য তথ্যাবলী:**

নির্বাচিত প্রার্থীদের বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিস চার্জ ৫৬,৩৫০/- টাকা প্রদান করতে হবে। এছাড়াও **গামকা** হতে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে, কুয়েত দূতাবাস, ঢাকা হতে ভিসা স্ট্যাম্পিং ফিসহ আনুসাঙ্গিক অন্যান্য ফি প্রদান করতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের **BLS (Basic Life Support)** প্রশিক্ষণের বৈধ সনদ থাকা আবশ্যক। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত লিংকে সকল তথ্যাদি পূরণপূর্বক **ইংরেজিতে এক (০১) কপি জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, মার্কশিট, ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন এবং পাসপোর্টের রঙিন কপি একটি পিডিএফ ফাইল তৈরি করে work experience এর ধাপে "upload personal cv" -তে আবশ্যিকভাবে আপলোড করতে হবে।** আগামী ২০.০৮.২০২৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত আগ্রহী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করতে হবে। উল্লেখ্য, ভিসা ইস্যুর জন্য প্রার্থী কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিলের পর প্রার্থী কুয়েত গমনে অনীহা প্রকাশ করলে বোয়েসেল-এ দাখিলকৃত তাঁর পে-অর্ডারটি বাজেয়াপ্ত ঘোষণা করা হবে।

**বি:দ্র:- চূড়ান্তভাবে নির্বাচিত কর্মীদের সকল কাগজপত্রাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সত্যায়নের পর কুয়েত দূতাবাস, ঢাকা হতে সত্যায়িত করতে হবে। কুয়েতী নিয়োগকারী কর্তৃপক্ষের আরোপীত শর্তানুসারে সরকারী চাকরিরত নার্সদের আবেদন করার প্রয়োজন নাই।**

**(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-এ কোনো প্রকার ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)**

**❋আবেদনের ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন এবং নির্দিষ্ট সংখ্যক আবেদন জমা হওয়ার সাথে সাথে আবেদন দাখিল প্রক্রিয়া স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে❋**

"প্রয়োজনে প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫ -এ যোগাযোগ করা যেতে পারে"

আবেদন লিংক:- https://brms.boesl.gov.bd/

১৭.০৮.২৫
নোমান চৌধুরী
সহকারী মহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।


অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd